

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩০৬

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله عن رسول الله

পরিচ্ছেদঃ ১১৬. ফযরের নামাযের কিরা'আত

باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي صَلاَةِ الصُّبْح

## আরবী

حَدَّتَنَا هَنَادٌ، حَدَّتَنَا وَكِيعٌ، عَنْ مِسْعَرٍ، وَسُفْيَانَ، عَنْ زِيَادِ بْنِ عَلاَقَةَ، عَنْ عَمِّهِ، قُطْبَةَ بْنِ مَالِكٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَأُ فِي الْفَجْرِ: (وَالنَّحْلَ بَاسِقَاتٍ) فِي الرَّكْعَةِ الأُولَى. قَالَ وَفِي الْبَابِ عَنْ عَمْرِو بْنِ حُرَيْتْ وَجَابِرِ بْنِ سَمُرَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ وَأَبِي بَرْزَةَ وَأُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ قُطْبَةَ بْنِ مَالِكُ حَديثٌ حَسَنٌ السَّائِبِ وَأَبِي بَرْزَةَ وَأُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ قُطْبَة بْنِ مَالِكُ حَديثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَرُويَ عَنِ النَّبِيِ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الصَّبْحِ بِالْوَاقِعَةِ . وَرُويَ عَنْ أَنَّهُ كَانَ يَقْرَأُ فِي الْفَجْرِ مِنْ سِتِينَ آيَةً إِلَى مِائَةٍ . وَرُويَ عَنْهُ أَنَّهُ قَرَأَ : (إِذَا الشَّمْسُ كُورَتْ) . وَرُويَ عَنْ عُمَرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى أَنِ اقْرَأُ فِي الصَّبْحِ بِطِوالِ الْمُفَصِل كُورَتْ) . وَرُويَ عَنْ عُمَرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى أَنِ اقْرَأُ فِي الصَّبْحِ بِطِوالِ الْمُفَصِل . قَالَ الْعُلْمِ وَبِهِ قَالَ سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ الْمُبَارِكِ وَالشَّافِعِيُّ .

## বাংলা

৩০৬। কুতবা ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ফযরের প্রথম রাকআতে ওয়ান-নাখলা বাসিকাতিন' (সূরা কাফ) পাঠ করতে শুনেছি। —সহীহ। ইবনু মাজাহ– (৮১৬)।

এ অনুচ্ছেদে আমর ইবনু হুরাইস, জাবির ইবনু সামুরা, 'আবদুল্লাহ ইবনুস সায়িব, আবু বারযা ও উম্মু সালামা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেনঃ কুতবা ইবনু মালিকের হাদীসটি হাসান সহীহ। অপর এক বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকালের নামাযে সূরা ওয়াকিয়া পাঠ করেছেন। অপর এক বর্ণনায় আছে, তিনি ফযরের নামাযে ষাট হতে একশো আয়াত পাঠ করতেন। আর এক বর্ণনায় আছে, তিনি "ইযাশ শামসু কুব্বিরাত" সূরা পাঠ করেছেন। বর্ণিত আছে যে, উমার (রাঃ) আবু মূসা (রাঃ)-কে লিখে পাঠালেন, তুমি ফযর নামাযে লম্বা সূরা (তিওয়ালে মুফাসসাল) পাঠ কর। আবু ঈসা বলেনঃ আলিমগণ এর উপরই আমল



করেছেন। সুফিয়ান সাওর, ইবনুল মুবারাক ও শাফিঈ একই রকম অভিমত দিয়েছেন।

## **English**

Qutbah bin Malik narrated:

"I heard Allah's Messenger reciting for Fajr: And tall date palms in the first Rak'ah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ কুত্ববাহ ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন